

দৈনিক ইত্তেফাক
১৫/০৪/০২

APR. 09 2002

তারিখ: ০৯/০৪/০২
পৃষ্ঠা: ৩
কলাম: ২

কেবল মাদ্রাসা শিক্ষকদের জন্য সরকারের বছরে ব্যয় হয় ৪২১ কোটি টাকা

ইত্তেফাক রিপোর্ট: সরকার মাদ্রাসা শিক্ষায় তদুর্নিত শিক্ষক-শিক্ষিকার বেতন-ভাতা বাবদ বছরে প্রায় ৪২১ কোটি ১৪ লক্ষ ৪৬ হাজার ৯৬৮ টাকা ব্যয় করে। দেশের মোট ৭ হাজার ৯৬টি মাদ্রাসায় কর্মরত লক্ষাধিক শিক্ষক-শিক্ষিকার জন্য সরকারের এই অর্থ ব্যয় হয়। বাংলাদেশ শিক্ষা ও পরিসংখ্যান বুরো (ব্যানবেইস) কর্তৃক প্রকাশিত জাতীয় শিক্ষা প্রতিপ রিপোর্ট অনুযায়ী দেশে বর্তমানে দাখিল মাদ্রাসায় ৬০ হাজার (২য় পৃষ্ঠায় ১-এর কঃ প্রঃ)

কেবল মাদ্রাসা শিক্ষকদের (১ম পৃঃ পর)

১১৩ জন (৬০%), আলিম মাদ্রাসায় ১৭ হাজার ৫৭৬ (১৭%), ফাজিল মাদ্রাসায় ১৯ হাজার ৫০৯ (১৯%) এবং কমিল মাদ্রাসায় ৩ হাজার ৬০২ জন (৪%) শিক্ষক-শিক্ষিকা কর্মরত রয়েছেন। চলতি বছরের জানুয়ারী মাসে মাদ্রাসার শিক্ষক-শিক্ষিকাদের বেতনের জন্য সরকার ৩৫ কোটি ৯ লক্ষ ৫৩ হাজার ৯১৪ টাকা প্রদান করেছে। ব্যানবেইসের রিপোর্ট অনুযায়ী দেবা যায়, ঢাকা বিভাগে ১ হাজার ৫৭৮টি মাদ্রাসায় ২৩ হাজার ৩৮২ জন, রাজশাহী বিভাগে ২ হাজার ২৬০টি মাদ্রাসায় ৩১ হাজার ৮৬১ জন, চট্টগ্রাম বিভাগে ১ হাজার ১৯৪টি মাদ্রাসায় ১৭ হাজার ১৪২ জন, খুলনা বিভাগে ৯১৭টি মাদ্রাসায় ১২ হাজার ৮৪৮ জন, বরিশাল বিভাগে ৯২০টি মাদ্রাসায় ১২ হাজার ৬১৮ জন, সিলেট বিভাগে ২২৪টি মাদ্রাসায় ২ হাজার ৯৪৯ জন শিক্ষক-শিক্ষিকা রয়েছেন। সারাদেশে মাদ্রাসায় পড়াবনা করছে প্রায় ২৯ লক্ষ ছাত্র-ছাত্রী।